১৭৭

দৈনিক ইনকিলাব

তারিখ 13 DEC 1997
পৃষ্ঠা ৬ কলাম ৭

# ঢাকা ভার্সিটির সাংস্কৃতিক কর্মকান্ডে নরওয়ে ২৫ লাখ ৭২ হাজার টাকা দেবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা ও সংগীত বিভাগের মিলনায়তনের সংস্কার ও বিশ্ববিদ্যালয়ের সার্বিক সাংস্কৃতিক কর্মকান্ডকে আরও জোরদার করার নিমিত্তে নরওয়ে-এর এজেন্সী ফর ডেভেলপমেন্ট কো-অপারেশন (নোরাড) ঢাকা বিশ্ববিদ্যালয়কে ২৫ লাখ ৭২ হাজার টাকা অনুদান দেবে।

এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অফিসে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বিশ্বদ্যিালয়ের ভিসি অদ্যাপক এ কে আজাদ চৌধুরী ও ঢাকাস্থ নরওয়ের রাষ্ট্রদূত মিঃ হ্যানস ফ্রেডারক লেহনি স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে এতে স্বাক্ষর করেন। এই চুক্তির অনুদান থেকে ব্যয় হিসেবে নাট্যকলা ও সংগীত বিভাগের মিলনায়তন সংস্কার, শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্থাপন, লাইটেনিং সু-ব্যবস্থা, আসবাবপত্র সরবরাহ এবং বাংলা নববর্ষের প্রথম দিনে উক্ত মিলনায়তনে নরওয়ের প্রখ্যাত নাট্যকার হেনরিক ইবসেনের "ডলস হাউজ" নাটকটি মঞ্চস্থ করা হবে। প্রেস বিজ্ঞপ্তি